গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমাজসেবা কার্যালয়
কালকিনি, মাদারীপুর।
kalkinidss@gmail.com

স্মারক নং ৪১.০১.৫৪৪০.০০০.০৪.৫৭.২৩.৪৭

তারিখঃ ০৮ জ্যৈষ্ঠ ১৪৩২
২২ মে ২০২৫

বিষয়ঃ- গ্রাম আদালত কার্যক্রম সম্পর্কে প্রচার-প্রচারণা অব্যাহত রাখা প্রসঙ্গে।

সূত্র স্মারক নম্বর- ৪১.০১.৫৪০০.০০০.৯৯.০৪০.১৮- তারিখ: ১৩ মে ২০২৫

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন সমাজসেবা অধিদপ্তর কর্তৃক ৫২ টি কার্যক্রম চলমান আছে। তারমধ্যে সামাজিক নিরাপত্তা কার্যক্রম অন্যতম। সামাজিক নিরাপত্তা কার্যক্রমের আওতাধীন বয়স্কভাতা, বিধবা ভাতা, প্রতিবন্ধী ভাতা, প্রতিবন্ধী উপবৃত্তি, হিজড়া, বেদে অনগ্রসর জনগোষ্ঠী ও চা শ্রমিক জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কার্যক্রম অন্যতম। এছাড়া কার্যক্রম অধিশাখার মাধ্যমে ক্ষুদ্রঋণ কার্যক্রম চলমান আছে। প্রতিষ্ঠান অধিশাখার মাধ্যমে দেশের এতিম, প্রতিবন্ধী, মানসিক প্রতিবন্ধী কিশোর কিশোরীদের পুনর্বাসন সহ মোট ২৬৬ টি প্রতিষ্ঠানে প্রাতিষ্ঠানিক সেবা কার্যক্রম বিদ্যমান আছে। সামাজিক নিরাপত্তা বেষ্টনীর আওতায় প্রায় এক কোটির বেশি উপকার ভোগী আছে। সমাজসেবা অধিদপ্তর কর্তৃক বাস্তবায়িত সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচির আওতাভুক্ত উপকারভোগী, প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণার্থী, নিবন্ধিত স্বেচ্ছাসেবী সংগঠনসমূহ, সচেতনতামূলক কর্মসূচিসমূহ, উঠান বৈঠক, আলোচনা সভা, সেমিনার-কনফারেন্সে উপস্থিত সদস্যবৃন্দ এবং স্ব-স্ব কার্যালয়ে সেবা গ্রহিতাদের মাঝে গ্রাম আদালতের চলমান কার্যক্রম সম্পর্কে প্রচার-প্রচারণা অব্যাহত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য মাঠকর্মী, উপজেলা সমাজসেবা কার্যালয়, কালকিনি, মাদারীপুর/ চেয়ারম্যান (সকল ইউনিয়ন, কালকিনি)/ মেম্বার (সকল ইউনিয়ন, কালকিনি) / সভাপতি/ সাধারণ সম্পাদক, স্বেচ্ছাসেবী সংস্থা/ এতিমখানা/ মসজিদের ইমাম এবং সমাজের গণ্যমান্য ব্যক্তিদের বিশেষভাবে অনুরোধ করা হলো।

গ্রাম আদালত সংক্রান্ত যেকোন তথ্যের জন্য প্রয়োজনে জনাব নাসির উদ্দিন লিটন, উপজেলা কো-অর্ডিনেটর, কালকিনি, ডাসার, মাদারীপুরের সাথে যোগাযোগ করা যেতে পারে। মোবাইল নাম্বার: ০১৭১৮৬৬৮০৮২

২২/০৫/২০২৫
মোঃ রাশেদুল ইসলাম
উপজেলা সমাজসেবা অফিসার
কালকিনি, মাদারীপুর।

প্রাপক,
.............................................................................................
.............................................................................................
কালকিনি, মাদারীপুর।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হলো।

১. জেলা প্রশাসক, মাদারীপুর।
২. উপপরিচালক (উপসচিব), স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর।
৩. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, মাদারীপুর।
৪. উপজেলা নির্বাহী অফিসার, কালকিনি, মাদারীপুর।
৫. সহকারী কমিশনার, গোপনীয় শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, মাদারীপুর (জেলা প্রশাসক, মাদারীপুর মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬. ডিস্ট্রিক্ট ম্যানেজার, বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (৩য় পর্যায়) প্রকল্প, মাদারীপুর।
৭. নাসির উদ্দিন লিটন, উপজেলা কো-অর্ডিনেটর, বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (৩য় পর্যায়) প্রকল্প,কালকিনি, মাদারীপুর।
৮. অফিস কপি।

Scanned with CamScanner



# গ্রাম আদালত

**অল্প সময়ে, স্বল্প খরচে, সঠিক বিচার পেতে চলো যাই গ্রাম আদালতে ...**

## গ্রাম আদালত কী?

- গ্রাম আদালত আইন, ২০০৬ অনুযায়ী স্থানীয়ভাবে কতিপয় ফৌজদারী ও দেওয়ানী বিরোধের সহজ ও দ্রুত নিষ্পত্তির জন্য ইউনিয়ন পরিষদে গ্রাম আদালত গঠিত হয়
- গ্রাম আদালত অনধিক ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকা মূল্যমানের ফৌজদারী ও দেওয়ানী বিরোধ নিষ্পত্তি করতে পারে
- গ্রাম আদালতে আইনজীবী নিয়োগের বিধান নেই

## কেন আমরা গ্রাম আদালতে যাবো?

- গ্রাম আদালতে অল্প সময়ে, স্বল্প খরচে এবং অতি সহজে বিরোধ ও বিবাদ নিষ্পত্তির সুযোগ রয়েছে
- প্রতিনিধি মনোনয়নে আবেদনকারী ও প্রতিবাদী সমান সুযোগ পায়
- পক্ষগণ নিজের কথা নিজে বলতে পারে, আইনজীবী দরকার হয় না
- গ্রাম আদালতে সমঝোতার ভিত্তিতে বিরোধ নিষ্পত্তি হয়, এক বিরোধ থেকে অন্য বিরোধ সৃষ্টির সম্ভাবনা কম থাকে
- পক্ষদ্বয়ের মধ্যে সম্পর্ক পুনঃস্থাপনের চেষ্টা করা হয়
- দরিদ্র ও প্রান্তিক জনগণ বিশেষ করে নারী, প্রতিবন্ধী এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী খুব সহজে বিরোধ নিষ্পত্তির সুযোগ পায়




## গ্রাম আদালত কী কী ধরনের বিরোধ নিষ্পত্তি করতে পারে?

### ফৌজদারী

- চুরি
- দাঙ্গা
- প্রতারণা
- ঝগড়া বিবাদ
- কলহ বা মারামারি
- মূল্যবান সম্পত্তি আত্মসাৎ করা
- অন্যায় নিয়ন্ত্রণ ও অন্যায় আটক
- ভয়ভীতি দেখানো বা হুমকি দেয়া
- কোন নারীর শালীনতাকে অমর্যাদা বা অপমানের উদ্দেশ্যে কথা বলা, অঙ্গভঙ্গি করা বা অন্য কোনো কাজ করা

### দেওয়ানী

- পাওনা টাকা আদায় সংক্রান্ত
- স্থাবর সম্পত্তি দখল পুনরুদ্ধার সংক্রান্ত
- অস্থাবর সম্পত্তি উদ্ধার বা তার মূল্য আদায় সংক্রান্ত
- কোনো অস্থাবর সম্পত্তি জবর দখল বা ক্ষতি করার জন্য ক্ষতিপূরণ আদায় সংক্রান্ত
- গবাদিপশু অনধিকার প্রবেশের কারণে ক্ষতিপূরণ সংক্রান্ত
- কৃষি শ্রমিকদের পরিশোধযোগ্য মজুরি ও ক্ষতিপূরণ আদায় সংক্রান্ত
- স্ত্রী কর্তৃক বকেয়া ভরণপোষণ আদায় ইত্যাদি



Scanned with CamScanner

## গ্রাম আদালত কোন বিরোধগুলো নিষ্পত্তি করতে পারে না?

- ধর্ষণ
- খুন
- অপহরণ
- ডাকাতি
- বহুবিবাহ
- তালাক
- অভিভাবকত্ব

- দেনমোহর
- দাম্পত্য সম্পর্ক পুনরুদ্ধার
- যৌতুক
- নারী ও শিশু নির্যাতন
- কোনো ঘটনায় রক্তপাত ঘটে থাকলে
- স্থাবর সম্পত্তির স্বত্বাধিকার সংক্রান্ত
- ৩,০০,০০০/- (তিন লক্ষ) টাকার অধিক মূল্যমানের যে কোনো বিরোধ





## গ্রাম আদালতে কীভাবে আবেদন দাখিল করতে হবে?

⇨ আবেদনকারীকে ইউনিয়ন পরিষদ থেকে আবেদন ফরম সংগ্রহ করে যথাযথভাবে পূরণ করতে হবে

⇨ আবেদনপত্র ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বরাবর দাখিল করতে হবে

⇨ আবেদনপত্র দাখিলের সময় ফৌজদারী মামলার জন্য ১০ টাকা এবং দেওয়ানী মামলার জন্য ২০ টাকা ফিস দিতে হবে এবং রসিদ সংগ্রহ করতে হবে

⇨ ফৌজদারী মামলার ক্ষেত্রে বিরোধ সংঘটিত হওয়ার ৩০ দিনের মধ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদে আবেদন করতে হবে

⇨ দেওয়ানী মামলার ক্ষেত্রে বিরোধ সংঘটিত হওয়ার ৬০ দিনের মধ্যে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বরাবর আবেদন করতে হবে; তবে স্থাবর সম্পত্তি বেদখল হওয়ার দিন থেকে ১ বছরের মধ্যে মামলা দায়ের করা যাবে।

## গ্রাম আদালত কোন কোন ক্ষেত্রে এবং কত টাকা পর্যন্ত জরিমানা করতে পারে?

- **মিথ্যা মামলা দায়ের করলে:** গ্রাম আদালতে মিথ্যা মামলা দায়ের করা হলে মিথ্যা মামলা দায়েরকারীকে অনধিক ৫,০০০ টাকা জরিমানা করতে পারবে
- **সাক্ষী কর্তৃক সমন অমান্য করলে:** গ্রাম আদালত কর্তৃক জারিকৃত সমন সাক্ষী ইচ্ছা করে অমান্য করলে, গ্রাম আদালত ঐ সমন অমান্যকারী সাক্ষীকে অনধিক ১,০০০ টাকা জরিমানা করতে পারবে
- **গ্রাম আদালত অবমাননা করলে:** কোনো ব্যক্তি যদি গ্রাম আদালত অবমাননা করে তাহলে গ্রাম আদালত অনধিক ১,০০০ টাকা জরিমানা করতে পারে।

  নিম্নোক্ত বিষয়গুলো গ্রাম আদালত অবমাননার সামিল:
  - গ্রাম আদালত সম্পর্কে অশালীন কথা বলা বা হুমকি দেয়া
  - গ্রাম আদালতের কার্যক্রমে ব্যাঘাত সৃষ্টি করা
  - গ্রাম আদালতের আদেশ সত্ত্বেও কোনো দলিল বা অর্পন বা হস্তান্তর করতে ব্যর্থ হওয়া
  - আদালতের কাছে কোনো প্রশ্নের উত্তর দিতে অস্বীকার করা



## গ্রাম আদালত কীভাবে গ্রামের জনগণকে সহায়তা করতে পারে?

- গ্রাম আদালত হলো স্থানীয় পর্যায়ে বিরোধ বা বিবাদ নিষ্পত্তির ব্যবস্থা যা ন্যায্য বিচার লাভে সহায়তা করে
- গ্রাম আদালতে সবাই অল্প সময়ে, স্বল্প খরচে এবং অতি সহজে প্রতিকার পায়
- গ্রাম আদালতে আবেদনপত্র দাখিলের ফিস ছাড়া অন্য কোনো খরচ নেই
- গ্রাম আদালত উচ্চতর আদালতের মামলার জট কমাতে সাহায্য করে




Co-funded by the European Union

# বাংলাদেশে গ্রাম আদালত সক্রিয়করণ (৩য় পর্যায়) প্রকল্প

স্থানীয় সরকার বিভাগ

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

UNDP


CS Scanned with CamScanner